

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০২.০১.০০.০১৬.২০১১ (২য় খন্ড)-৬০

তারিখঃ ০২.০২.২০১৫ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং- ৫-২৭১১-৫২০০) শীর্ষক ওপি-এর অনুকূলে ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তির সিডিভ্যাট বাবদ অর্থ ছাড়করণ সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং ৫-২৭১১-৫২০০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপিতে সিডিভ্যাট বাবদ বরাদ্দকৃত ৮০০০.০০ লক্ষ টাকা হতে মালামাল খালাসের জন্য ৩য় কিস্তিতে সিডিভ্যাট বাবদ ২০০০.০০ লক্ষ (বিশ কোটি) টাকা ০৫.০৮.২০১৪ তারিখের নং-৪৫.১৭২.০২.০১.০০.০১৬.২০১১(২য় খন্ড)-৪৯৪ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী ছাড় করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি।

০২। এই ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে উন্নয়ন বাজেটে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির প্রকিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট শীর্ষক কর্মসূচি (কোড নং ৫-২৭১১-৫২০০) হতে বহন করা হবে।

০৩। নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই অর্থ অনুদান/ বিনিয়োগ/ঋন হিসেবে মঞ্জুরী করা হল।

০৪। লাইন ডাইরেক্টর “প্রকিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট” কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল দাখিল করতে হবে এবং শুদ্ধ আইনের ৩৪ নং ধারা অনুযায়ী কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ শাখা, ঢাকা একাউন্ট কারেন্ট নং ০১/২০০২, এডভান্স রিসিপ্ট সি-২(১০২০), সোনালী ব্যাংক, কাস্টম হাউজ শাখা, ঢাকা এর অনুকূলে ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকার এবং কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ চট্টগ্রাম একাউন্ট কারেন্ট নং ২৫২, সোনালী ব্যাংক, কাস্টম হাউজ শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে ১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকার সর্বমোট ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকার চেক জারী করতে হবে।

০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শর্তে জারী করা হলোঃ

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে ;

(গ) সিডিভ্যাট বাবদ ছাড়কৃত অর্থ সিডিভ্যাট ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না;

(ঘ) উন্নয়ন প্রকল্প/ উন্নয়ন কর্মসূচির জন্য প্রকল্প সাহায্যের অর্থে মটরযান ক্রয়/ আমদানীর ক্ষেত্রে সিডিভ্যাট বাবদ ছাড়কৃত এ অর্থ ব্যয় করা যাবে না; এবং

(ঙ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দৃষ্টব্য

নং-৪৫.১৭২.০২.০১.০০.০১৬.২০১১ (২য় খন্ড)-৬০/১(১৪)

তারিখঃ ০২.০২.২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্ম-সচিব, বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)।
- ০২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৩। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৪। যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
- ০৫। লাইন ডাইরেক্টর, প্রক্রিউরমেন্ট লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, কেন্দ্রীয় ওষধাগার, ৩০, শহীদ তাজউদ্দিন আহাম্মদ সরণী, তেজগাঁও, ঢাকা।
- ০৬। কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ, ঢাকা।
- ০৭। কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ, চট্টগ্রাম।
- ০৮। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কাস্টম হাউজ শাখা, ঢাকা/ চট্টগ্রাম।
- ১১। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

 02.02.2015

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব